দৈনিক ইত্তেফাক

তারিখ 15 MAY 1987 পৃষ্ঠা 1 কলাম 6

094

# ২২ হাজার ছাত্র-ছাত্রী ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হইতে পারিবেনা

(বিশ্ববিদ্যালয় রিপোর্টার)

যোগ্যতা থাকা সত্ত্বেও প্রায় ২২ হাজার ছাত্র-ছাত্রী এ বছর ঢাকা বিশ্ববিদ্যালয়ে ভর্তি হইতে পারিবে না। গত বছর এই সংখ্যা ছিল ১৫ হাজার। গত বছর ২ হাজার ৭ শত ৮৫টি আসনের জন্য আবেদনপত্র জমা পড়িয়াছিল প্রায় ১৮ হাজার। এ বছর ৩ হাজার ২ শত ২৬টি আসনের জন্য আবেদনপত্র জমা পড়িয়াছে প্রায় ২৬ হাজার।

'ক' ইউনিটের আওতায় বিজ্ঞান অনুষদের ৯৫০টি আসনের জন্য এ বছর ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিয়াছে ১৬ হাজার ৫ শত ৯১ জন। গত বছর এই সংখ্যা ছিল ১২ হাজার ৪ শত ৮৪। 'খ' ইউনিটের আওতায় কলা, সামাজিক বিজ্ঞান ও আইন অনুষদের বিভিন্ন বিভাগে ১ হাজার ৪ শত ৩৫ টি আসনের জন্য ৪ হাজার ৭ শত ৭৯ জন ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিয়াছে। গত বছর এই সংখ্যা

(২য় পৃঃ দ্রঃ)

## ২২ হাজার ছাত্র-ছাত্রী

(১ম পৃঃ পর)

ছিল ৩ হাজার ৫৫ জন।

বাণিজ্য অনুষদে প্রায় ৪ শত আসনের জন্য 'গ' ইউনিটে এবার ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করিয়াছে ৩ হাজার ৪ শত ৬০ জন। গত বছর এই সংখ্যা ছিল ২ হাজার ৪ শত ৬৪। সাইন্স হইতে কলা, সামাজিক বিজ্ঞান ও আইন অনুষদের বিভিন্ন বিষয়ে ৪৪৮টি আসনের জন্য এবার পরীক্ষা দিয়াছে ৭ হাজার ২ শত ৫০ জন। গত বছর এই সংখ্যা ছিল ৫ হাজার। গত মঙ্গলবার বাণিজ্য অনুষদের আওতায় 'গ' ইউনিটের ভর্তি পরীক্ষার ফল প্রকাশ করা হইয়াছে। উত্তীর্ণ প্রার্থীদের মেধাক্রম অনুযায়ী ১৬ হইতে ১৮ মে পর্যন্ত সাক্ষাৎকার গ্রহণ করা হইবে। অন্যান্য ইউনিটের ফলাফল চলতি মাসের শেষ সপ্তাহে প্রকাশের সম্ভাবনা রহিয়াছে।